প্রথম আলো

তারিখ: 28 SEP 2017 পৃষ্ঠা: ৪ কলাম: ৩

ঢাকা বিশ্ববিদ্যালয়

# ৫ শিক্ষকের বিরুদ্ধে গবেষণা প্রবন্ধে চৌর্যবৃত্তির অভিযোগ

বিশ্ববিদ্যালয় প্রতিবেদক ●

গবেষণা প্রবন্ধে চৌর্যবৃত্তির অভিযোগে ঢাকা বিশ্ববিদ্যালয়ের তিন বিভাগের পাঁচজন শিক্ষকের বিরুদ্ধে দুটি তদন্ত কমিটি করেছে বিশ্ববিদ্যালয় প্রশাসন।

গতকাল বুধবার বিশ্ববিদ্যালয় সিন্ডিকেটের এক সভায় এই সিদ্ধান্ত হয়। অভিযুক্ত পাঁচজন শিক্ষকের মধ্যে একজন গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের, একজন অপরাধবিজ্ঞান বিভাগের এবং অপর তিনজন ট্যুরিজম অ্যান্ড হসপিটালিটি বিভাগের।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক মো. আখতারুজ্জামান বিষয়টি নিশ্চিত করে *প্রথম আলোকে* বলেন, অভিযোগ খতিয়ে দেখতে কমিটি করা হয়েছে।

এদিকে সামাজিক বিজ্ঞান অনুষদের ভারপ্রাপ্ত ডিন অধ্যাপক আ জ ম শফিউল আলম ভূঁইয়াকে দায়িত্ব থেকে সরিয়ে সাবেক তথ্য কমিশনার সাদেকা হালিমকে ভারপ্রাপ্ত ডিনের দায়িত্ব দেওয়া হয়েছে।

এ ঘটনায় শফিউল আলম ভূঁইয়া অভিযোগ করেছেন, অনিয়ম করে তাঁকে দায়িত্ব থেকে সরানো হয়েছে।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং..............................
তারিখ..............................
[illegible]
[illegible]
সিস্টেম ম্যানেজার
সিনিয়র সিস্টেম এনালিষ্ট
প্রশাসনিক কর্মকর্তা
পি.এ.
কার্যার্থে/জ্ঞাতার্থে
স্বাক্ষর